



প্রধানমন্ত্রীর নির্দেশে পদত্যাগ করলেন এমপি ফেরদৌসী মিষ্টি



এমপি ফেরদৌসী মিষ্টি। ছবি: সংগৃহীত

বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টি পদত্যাগ করেছেন। বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুরে জাতীয় সংসদের স্পিকারের কাছে পদত্যাগপত্র জমা দেন তিনি।

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশে মিষ্টি পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। এর আগে প্রধানমন্ত্রী তাকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন বলে গণমাধ্যমকে জানান তিনি।

গত ২৪ সেপ্টেম্বর রাজধানীর মিরপুরে রাডা এমসিএইচ-এফপি সেন্টারে ভাঙচুরের ঘটনা ঘটে। ওই হামলার পর ফেরদৌসী মিষ্টির পদত্যাগের বিষয়টি আলোচনায় আসে। তিনি ওই এলাকার সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য।

রাডা স্বাস্থ্যকেন্দ্রে হামলার ঘটনায় মিষ্টির সংশ্লিষ্টতার অভিযোগ উঠলেও তিনি তা অস্বীকার করেন। একই ঘটনায় সরকারি দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের সম্পৃক্ততার অভিযোগও ওঠে।

এর বাইরে, ওয়ার্ড কাউন্সিলর থাকাকালে মিষ্টির বিরুদ্ধে চাঁদাবাজি, সন্ত্রাস ও জমি দখলসহ বিভিন্ন অভিযোগ ওঠার কথাও বিভিন্ন সময়ে আলোচনায় এসেছে। এসব অভিযোগ নিয়ে তার রাজনৈতিক ভূমিকা নিয়েও প্রশ্ন তৈরি হয়েছিল।